গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

**নম্বর:** ১৩.০০.০০০০.০৪৩.২২.০০১.২২.১৬০

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: চাউল কল (হাস্কিং/ মেজর/ অটোমেটিক) এর ছাঁটাই ক্ষমতা যাচাইপূর্বক নির্ধারণ/ পুনঃনির্ধারণের লক্ষ্যে কমিটি পুনর্গঠন।**

সারাদেশে উল্লেখযোগ্য সংখ্যক চাউল কল (হাস্কিং/ মেজর/ অটোমেটিক) রয়েছে। এসকল চাউল কলসমূহের ছাঁটাই ক্ষমতা নির্ধারিত পদ্ধতিতে বিগত কয়েক বছরে নির্ণীত হয়েছে। সম্প্রতি মাননীয় মন্ত্রী, সচিব এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শনকালে চাউল কলসমূহের প্রকৃত ছাঁটাই ক্ষমতা এবং লাইসেন্সে বর্ণিত ছাঁটাই ক্ষমতার মধ্যে গরমিল পরিলক্ষিত হয়। চাউল কলসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে বর্তমান চাউল কলের বিদ্যমান ছাঁটাই ক্ষমতা যাচাইপূর্বক পুনঃনির্ধারণ এবং নূতনভাবে স্থাপিত চাউল কলের ছাঁটাই ক্ষমতা সঠিকভাবে নির্ধারণের লক্ষ্যে কমিটি পুনর্গঠন করা প্রয়োজন।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত ২৬ অক্টোবর ২০১০ খ্রি. তারিখের স্মারক নং/সপ/সংগ্রহ-৭/২০০৯/১৯৬৩(৬) এর পত্রটি বাতিলপূর্বক এবং ০১ জানুয়ারি ২০০৩ খ্রি. তারিখের স্মারক নং-সপ/সংগ্রহ-আমন-১/২০০২-২০০৩/০২(৫৭৫) এর (৬) নং অনুচ্ছেদ আংশিক সংশোধনকরতঃ সারাদেশে বর্তমান চাউল কল (হাস্কিং/ মেজর/ অটোমেটিক) এর বিদ্যমান ছাঁটাই ক্ষমতা যাচাইপূর্বক নির্ধারণ/ পুনঃনির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত কমিটিসমূহ গঠন করা হইলঃ

১। চাউল কল (হাস্কিং ও মেজর) এর ছাঁটাই ক্ষমতা নির্ধারণ/ পুনঃনির্ধারণ সংক্রান্ত কমিটিঃ

| | |
|---|---|
| ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক | : সভাপতি |
| খ) জেলা প্রশাসকের প্রতিনিধি | : সদস্য |
| গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী) | : সদস্য |
| ঘ) জেলা চাউল কল মালিক সমিতির সাধারণ সম্পাদক | : সদস্য |
| ঙ) সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | : সদস্য সচিব |

২। চাউল কল (অটোমেটিক) এর ছাঁটাই ক্ষমতা নির্ধারণ/ পুনঃনির্ধারণ সংক্রান্ত কমিটি (ছাঁটাই ক্ষমতা ১০০০ মে.টন পর্যন্ত):

| | |
|---|---|
| ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক | : সভাপতি |
| খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি | : সদস্য |
| গ) নিকটবর্তী সাইলোর রক্ষণ প্রকৌশলী | : সদস্য |
| ঘ) জেলা চাউল কল মালিক সমিতির সভাপতি | : সদস্য |
| ঙ) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক | : সদস্য সচিব |

৩। চাউল কল (অটোমেটিক) এর ছাঁটাই ক্ষমতা নির্ধারণ/ পুনঃনির্ধারণ সংক্রান্ত কমিটি (ছাঁটাই ক্ষমতা ১০০০ মে.টন এর অধিক):

| | |
|---|---|
| ক) পরিচালক, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত) | : সভাপতি |
| খ) সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক | : সদস্য |
| গ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিনিধি | : সদস্য |
| ঘ) নিকটবর্তী সাইলোর রক্ষণ প্রকৌশলী | : সদস্য |
| ঙ) জেলা চাউল কল মালিক সমিতির সভাপতি | : সদস্য |
| চ) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক | : সদস্য সচিব |

৪। পরিপত্র জারির পর খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুনর্গঠিত কমিটি সারাদেশের চাউল কল (হাস্কিং/ মেজর/ অটোমেটিক) এর বিদ্যমান ছাঁটাই ক্ষমতা যাচাইপূর্বক পুনঃনির্ধারণ করে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

৫। উক্ত কমিটিসমূহ খাদ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত ০১-০১-২০০৩ খ্রি. তারিখের স্মারক নং-সপ/সংগ্রহ-আমন-১/২০০২-২০০৩/০২ (৫৭৫) এর সহিত সংযুক্ত চাউল কলের ছাঁটাই ক্ষমতা নির্ণয় ফরম (সংযুক্ত) পূরণপূর্বক (৭) নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক নূতনভাবে স্থাপিত চাউল কল (হাস্কিং/ মেজর/ অটোমেটিক) এর ছাঁটাই ক্ষমতা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৬। চাউল কল (অটোমেটিক) এর ছাঁটাই ক্ষমতা নির্ধারণ এর জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ (প্যারামিটার) বিবেচনা করিতে হইবে-

| | | |
|---|---|---|
| ক) পাওয়ার/ মটরের ক্ষমতা। | চ) ড্রায়ারের ক্ষমতা। | ট) পাথর পৃথকীকরণ ইউনিটের ক্ষমতা। |
| খ) বয়লার ক্ষমতা। | ছ) Sheller এর ক্ষমতা | ঠ) কালার সর্টার ইউনিটের ক্ষমতা। |
| গ) ধান/ চাল সংরক্ষণে গুদাম ঘরের ধারণক্ষমতা। | জ) ধান পৃথকীকরণ ইউনিটের ক্ষমতা। | ড) বস্তাবন্দিকরণের ক্ষমতা |
| ঘ) ধান ভেজানোর জন্য ব্যবহৃত স্টিপিং হাউজের ধারণক্ষমতা। | ঝ) খুদকুঁড়া পৃথকীকরণ ইউনিটের ক্ষমতা। | ঢ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়। |
| ঙ) ধান গ্রাহক বিনের ধারণক্ষমতা। | ঞ) চাল গ্রেডিং ইউনিটের ক্ষমতা। | |

৭। উক্ত কমিটি সিদ্ধ ও আতপ উভয় ধরণের চাউল কলের ছাঁটাই ক্ষমতা নির্ধারণ ও পুনঃনির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৮। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হইলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।




০৯-০৫-২০২৪

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
+৮৮০২৫৫১০০০৮৮ (ফোন)
+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)
secretary@mofood.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৬। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৭। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৮। বিভাগীয় কমিশনার (সকল);
৯। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়;
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, কৃষি মন্ত্রণালয়;
১৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়;
১৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল);
১৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল);
১৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং
১৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।



০৯-০৫-২০২৪
মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব